

শিক্ষা সংসদীয় কমিটির অর্ধশত সুপারিশ

যাযাদি রিপোর্ট

বেসরকারি প্রতিষ্ঠানে শিক্ষক নিয়োগে বোর্ড গঠন, পৃথক মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর, স্থানীয় সংসদ সদস্যের সুপারিশে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্ত করা, সরকারি স্কুল-কলেজে অনূর্ধ্ব তিন বছরের মধ্যে বদলির ব্যবস্থা চালু, বেতন-ভাতা এবং শিক্ষা পরিচালনা পদ্ধতিসহ অর্ধশত সুপারিশ করেছে শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সার-কমিটি। ২২ জুনের সংসদীয় কমিটির बैठকে কমিটি এ সুপারিশ করে।

এদিকে শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় সার-কমিটির প্রস্তাব ও সুপারিশে বেসরকারি শিক্ষক-কর্মচারীদের দীর্ঘদিনের প্রত্যাশা প্রতিফলিত হওয়ায় জাতীয় শিক্ষক কর্মচারী ফ্রন্ট অভিনন্দন জানিয়েছে। ফ্রন্টের প্রধান, সময়স্বাক্ষরী অধ্যক্ষ কাজী সুপারিশ : পৃষ্ঠা ১০ কলাম ১

সুপারিশ : শিক্ষা

(প্রথম পৃষ্ঠার পর)

ফারুক আহমেদ সংসদীয় কমিটির এসব বাস্তবায়নে সত্বর যথাযথ পদক্ষেপ নেবে বলে আশা প্রকাশ করেন।

সংসদীয় কমিটির রিপোর্টে মানসম্মত শিক্ষা নিশ্চিত করতে দেশের প্রতিটি উপজেলায় অগ্রত একটি করে সরকারি মাধ্যমিক স্কুল স্থাপন করা প্রয়োজন বলে উল্লেখ করা হয়েছে। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে পরিচালনা কমিটি কর্তৃক শিক্ষক নিয়োগের বিধান তুলে দিয়ে কেন্দ্রীয়ভাবে প্রার্থী যাচাই ও নিয়োগের জন্য একটি বোর্ড বা কর্তৃপক্ষ গঠনের সুপারিশ করেছে কমিটি। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষার সমস্যা সমাধানে মাধ্যমিক শিক্ষার জন্য স্বতন্ত্র অধিদপ্তর প্রতিষ্ঠা এবং শিক্ষা প্রতিষ্ঠানে বিভিন্ন ধর্মের আলাদা শিক্ষক নিয়োগের রিপোর্টে সুপারিশ করা হয়েছে। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর,

শিক্ষা বোর্ড, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর এবং শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরোতে বিদ্যমান অনিয়ম প্রতিরোধে কার্যকর পদক্ষেপ নেয়া জরুরি বলে মনে করে। জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের (এনসিটিবি) পাঠ্যসূচি প্রণয়ন ও পাঠ্যপুস্তক মুদ্রণ কাজকে একসঙ্গে না রেখে পৃথক করার কথা বলা হয়েছে। বিভিন্ন শিক্ষা বোর্ডের কাজে গতি ও স্বচ্ছতা আনতে কর্মচারীদের আন্তঃবোর্ড বদলি করার সুপারিশ করেছে কমিটি। সরকারি স্কুল ও কলেজের শিক্ষকদের অনধিক তিন বছরের মধ্যে বদলির ব্যবস্থা এবং বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে এমপিওভুক্তির জন্য স্থানীয় সংসদ সদস্যের সুপারিশে এমপিও দেয়ার কথা রিপোর্টে উল্লেখ করা হয়েছে। ৩০ এপ্রিল সংসদ সদস্য মো. শাহ আলমকে প্রধান করে তিন সদস্যের এ কমিটি গঠন করা হয়।